

বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা-১২০৮

নিয়ন্ত্রণকারী কর্মকর্তা :

দ্রুত সেবা প্রদানই আমাদের লক্ষ্য

নিয়ন্ত্রণকারী কর্মকর্তাগণের নাম	পদবী	টেলিফোন নম্বর
জনাব মোঃ নজরুল ইসলাম	উপপরিচালক	৯১১৭৪১৫
জনাব মোঃ আব্দুল মালেক	সিনিয়র সহকারী পরিচালক	
জনাব সরদার মহিতুল ইসলাম	সহকারী পরিচালক (চলতি দায়িত্ব)	৯১১৭৬০০

নাগরিক সনদ
ছবি (যদি থাকে)

ছবি

সনদ বাস্তবায়ন প্রক্রিয়া :

বাংলাদেশ সরকারি মুদ্রণালয়ে কর্মরত কর্মকর্তা/কর্মচারীগণ তাঁদের ওপর অর্পিত দায়িত্ব ও কর্তব্য সম্পর্কে আন্তরিক ও যত্নশীল। এ কার্যালয় পরিচালনার দায়িত্বে রয়েছেন একজন উপপরিচালক যিনি সরকারের একজন পদস্থ উপসচিব। একজন সিনিয়র সহকারী পরিচালক এবং একজন সহকারী পরিচালক (প্রেস), ৫ জন ম্যানেজারসহ অন্যান্য কর্মচারীগণ তাঁকে সহযোগিতা করে থাকেন। সাপ্তাহিক, মাসিক সভার মাধ্যমে কাজের তদারকী ও বাস্তবায়ন করা হয়। ফলে শাখাগুলোর কাজের জবাবদিহিতা নিশ্চিত হয়।

এছাড়াও এ অফিসের কাজের জবাবদিহিতা নিশ্চিত করতে প্রতি সপ্তাহে মহাপরিচালক মহোদয়ের সাথে উপপরিচালকের সভা অনুষ্ঠিত হয়ে থাকে। স্বচ্ছতা, জবাবদিহিতা, দ্রুত নাগরিক সনদ বাস্তবায়নে সহায়ক ছমিকা পালন করবে।

তথ্য প্রদানকারী কর্মকর্তা :

জনাব মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক।

তথ্য প্রদানের আপিল কর্তৃপক্ষ

মহাপরিচালক,

মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তর,

তেজগাঁও, ঢাকা-১২০৮।

মতামত/অভিযোগ/সুপারিশ

দ্রুত সেবা পাওয়া নাগরিকের ন্যায্য অধিকার। নাগরিক সনদে বর্ণিত কোন সেবা বা সেবা প্রদান বিষয়ে আপনার যে কোন মতামত,অভিযোগ, পরামর্শকে আমরা সবসময় সাদরে গ্রহণ করি। এ কার্যালয়ের কোন সেবা প্রদান বিষয়ে মতামত, অভিযোগ/সুপারিশ থাকলে তা দাখিলের সুবিধার জন্য অফিসে অভিযোগ বাস্তব রাখা আছে। এছাড়া nafa6006@yahoo.com এ মেইল করা যেতে পারে। অভিযোগের বিষয়ে সরাসরি সহকারী পরিচালক (প্রেস) এর সাথে যোগাযোগ করা যেতে পারে। তিনি প্রতিকার দিতে অপারগ হলে সিনিয়র সহকারী পরিচালক অথবা উপপরিচালকের সাথে যোগাযোগ করার অনুরোধ করা হলো।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ সরকারি মুদ্রণালয়
তেজগাঁও, ঢাকা-১২০৮।

ফোন : ৯১১৭৪১৫।

ফ্যাক্স : ৯১১২৪২২।

ওয়েবসাইট : www.bgpress.gov.bd

ই-মেইল : nafa6006@yahoo.com

অফিসের পরিচিতি

বাংলাদেশ সরকারি মুদ্রণালয় জনপ্রশাসন মন্ত্রণালয়ের মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তরবীন অত্যন্ত সংবেদনশীল ও গুরুত্বপূর্ণ (কেপিআইডুজ) একটি প্রতিষ্ঠান যা ব্যাপকভাবে 'বি জি প্রেস' নামে পরিচিত। সরকারের যাবতীয় গুরুত্বপূর্ণ মুদ্রণ কাজ : যেমন- বাজেট, রিপোর্ট, বিল, এ্যাক্ট, অর্ডিন্যান্স, লিফলেট, পোষ্টার, আদেশপত্র, অর্থনৈতিক সমীক্ষা, জার্নাল, ফরম (স্ট্যান্ডার্ড ও নন-স্ট্যান্ডার্ড), ডিও প্যাড, ডিও খাম, দাওয়াত পত্র ইত্যাদি এ প্রেস থেকে মুদ্রিত হয়ে থাকে। ভৌগোলিক ও রাজনৈতিক পট পরিবর্তনে পুনর্গঠন সংক্রান্ত অবকাঠামো, জনশক্তি, প্রযুক্তি ও উৎপাদন বিষয়ে সরকারি মুদ্রণ ও প্রকাশনা কাজ দ্রুততার সাথে সম্পন্ন করে বাংলাদেশ সরকারি মুদ্রণালয় (বিজি প্রেস) তার নিজস্ব স্বকীয়তা বজায় রেখেছে।

ব্রিটিশ শাসনামলে ভারতবর্ষে বেশকিছু ছাপাখানা ছিল যার মধ্যে পশ্চিম বাংলার কোলকাতার আলিপুরে অবস্থিত বেঙ্গল গভর্নমেন্ট প্রেস উল্লেখযোগ্য। ১৯৪৮ সালে ভারত বিভাগের পর স্বাধীন রাষ্ট্রের প্রিন্ট হাউস হিসেবে কোলকাতার বেঙ্গল গভঃ প্রেসের কিছু মুদ্রণ মেশিন ও জনবলসহ ঢাকার নাজিমউদ্দিন রোডে সেন্ট্রাল জেলের অভ্যন্তরে ইস্ট বেঙ্গল গভর্নমেন্ট প্রেস স্থাপিত হয়। ইস্ট বেঙ্গল গভর্নমেন্ট প্রেসের প্রথম কন্ট্রোলার নিয়ুক্ত হন মিঃ সি.সি ডানকান। ১৯৪৮ সালে প্রেসটি কয়েক মন লেড টাইপ মেটাল এবং দুটি পুরাতন বাষ্পচালিত ছাপার মেশিন নিয়ে মুদ্রণ কাজ শুরু করে। পরবর্তীতে এটিকে ১৯৫৩ সালে বর্তমান স্থান তেজগাঁও শিল্পাঞ্চল এলাকায় স্থানান্তর করা হয়। ১৯৫৬ সালে ইস্ট পাকিস্তান গভর্নমেন্ট প্রেস (ইপিজিপি) হিসেবে পরিচিতির মাধ্যমে রাষ্ট্রীয় মুদ্রণ কাজে প্রেসটি গুরুত্বপূর্ণ ভূমিকা রাখতে সক্ষম হয়। তখন এর লোকবল ছিল ১৪০০ জন। ১৯৭১ সালে বাংলাদেশ নামে স্বাধীন সার্বভৌম রাষ্ট্রের অভ্যুদয় ঘটলে এটি বাংলাদেশ গভর্নমেন্ট প্রেস বা বাংলাদেশ সরকারি মুদ্রণালয় (বি জি প্রেস) নামে পরিচিতি লাভ করে।

অফিসের কাজসমূহ

মহামান্য রাষ্ট্রপতির ও মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয়ের চাহিদা অনুযায়ী যাবতীয় মুদ্রণ কাজ, বিভিন্ন মন্ত্রণালয়ের মুদ্রণ কাজ, যাবতীয় বিশ্ববিদ্যালয়ের গোপনীয় মুদ্রণ কাজ, বিভিন্ন বোর্ডের প্রশ্নপত্র মুদ্রণ, জে এস সি, পি এস সি, মাদরাসা শিক্ষাবোর্ড, কারিগরি শিক্ষা বোর্ডের সকল গোপনীয় মুদ্রণ কাজ, গেজেট, অতিরিক্ত গেজেট, বিভিন্ন দাওয়াত কার্ড, জাতীয় বিশেষ দিনের পোস্টার, লিফলেট, ম্যানুয়েল, জাতীয় সংসদ সচিবালয়ের কাজ, জাতীয় বাজেট ও বিসিএস পরীক্ষাসহ ক্যাডার ও নন-ক্যাডার পরীক্ষার গোপনীয় মুদ্রণ কাজ সম্পাদন করা। তাছাড়া বাংলাদেশের ৬৪টি জেলায় সাপ্তাহিক গেজেট ও অতিরিক্ত গেজেট খোলা ডাকে পোস্ট অফিসের মাধ্যমে প্রেরণ করা হয়ে থাকে। সাপ্তাহিক ও অতিরিক্ত গেজেট নিয়মিত অনলাইনে সাথে সাথে আপলোড করা হয়ে থাকে।

বাংলাদেশ সরকারি মুদ্রণালয়ের সেবাসমূহ

ক্রঃ নং	সেবার বর্ণনা	সেবা প্রদানের সময়	ফি বা মূল্য
১।	সাপ্তাহিক ও অতিরিক্ত গেজেট মুদ্রণ (সরকারি, আধা সরকারি ও স্বায়ত্তশাসিত সংস্থার)।	৭(সাত) দিনের মধ্যে	ফি ছাড়া
২।	বিভিন্ন শিক্ষা বোর্ড, জাতীয় বিশ্ববিদ্যালয়, উন্মুক্ত বিশ্ববিদ্যালয়, ইসলামিক বিশ্ববিদ্যালয় এর গোপনীয় মুদ্রণ কাজ।	০১ (এক) থেকে ৩০ (ত্রিশ) দিনের মধ্যে।	ফি ছাড়া
৩।	বিভিন্ন সরকারি অফিসের যাবতীয় ফরম মুদ্রণ ও বার্ষিক প্রতিবেদন মুদ্রণ।	নিয়মিত সরবরাহ করা হয়ে থাকে।	ফি ছাড়া
৪।	বাংলাদেশ সরকারের চাহিদানুসারে বাজেট বক্তৃতা ও বাজেট ডকুমেন্টস এর যাবতীয় কাজ মুদ্রণ।	০৭ (সাত) থেকে ১৫ (পনেরো) দিনের মধ্যে।	ফি ছাড়া
৫।	নির্বাচন কমিশনের ব্যালট পেপার মুদ্রণ কাজ।	নির্বাচন কমিশনের বেঁধে দেয়া সময়ের মধ্যে।	ফি ছাড়া
৬।	কম্পট্রোলার ও অডিটর জেনারেলের বার্ষিক প্রতিবেদন মুদ্রণ।	তাঁদের বেঁধে দেয়া সময়ের মধ্যে সম্পন্ন করতে হবে।	ফি ছাড়া
৭।	সরকারি, আধা-সরকারি এবং স্বায়ত্তশাসিত সংস্থার বিভিন্ন আইন এবং ম্যানুয়েল মুদ্রণ।	প্রতিদিন সরবরাহ করা হয়ে থাকে।	ফি ছাড়া
৮।	কর্মকর্তা/কর্মচারীগণের জিপিএফ তহবিল থেকে ঋণের আবেদন নিষ্পত্তি।	আবেদন মতে	ফি ছাড়া
৯।	কর্মকর্তা/কর্মচারীদের অবসর ভাতার আবেদন নিষ্পত্তি।	পূর্ণাঙ্গ আবেদন প্রাপ্তির ১৫(পনেরো) কার্যদিবসের মধ্যে।	ফি ছাড়া
১০।	কর্মকর্তা/কর্মচারীদের ছুটির আবেদন নিষ্পত্তি।	আবেদন প্রাপ্তির ০৩ (তিন) কার্যদিবসের মধ্যে।	ফি ছাড়া

বাংলাদেশ সরকারি মুদ্রণালয় (বি জি প্রেস) অফিসটি তেজগাঁও শিল্পাঞ্চল থানাধীন মহাখালি-মগবাজার রোডে সাতরাস্তা মোড় পার হয়ে উত্তরদিকে রাস্তার পশ্চিম পাশে অবস্থিত। এ মুদ্রণালয়ের সম্মুখে রাস্তার পূর্ব পাশে বাংলাদেশ টেক্সটাইল বিশ্ববিদ্যালয় ও ঢাকা পলিটেকনিক কলেজ অবস্থিত। এ অফিসের ঠিকানা-
বিস্ত্রিং নং- (তৃতীয় তলা)

ওয়ার্ড নং-২৪, মহল্লা ঃ তেজগাঁও শিল্পাঞ্চল এলাকা,
শহীদ তাজউদ্দিন আহম্মেদ সরণী, তেজগাঁও, ঢাকা-
১২০৮।

ক্রঃ নং	সেবার বর্ণনা	সেবা প্রদানের সময়	ফি বা মূল্য
১১।	ঠিকাদারের বিল প্রদান মঞ্জুরীর প্রস্তাব ও কার্য সমাপ্তি প্রতিবেদন	মালামাল পরিদর্শন কমিটি কর্তৃক সন্তোষজনক প্রতিবেদন প্রাপ্তির ৭ (সাত) কার্যদিবসের মধ্যে	ফি ছাড়া

কাজে স্বচ্ছতা, জবাবদিহিতা, দুর্নীতিমুক্ত ও ঘুষমুক্ত সেবা প্রদানই আমাদের লক্ষ্য ও উদ্দেশ্য।